

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বাজেট শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২৩.৫৪৯

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১  
২৮ জুলাই ২০২৪

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে আর্থিক অনুদানের মনোনীত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদানের অর্থ বিতরণ সংক্রান্ত।


সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৩০ জুন ২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২৩.৫৩০ ও ৫৩১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ অনুদান” খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান ক্যাটাগরিতে ২৪০ টি, শিক্ষক-কর্মচারী ক্যাটাগরিতে ৪০০ জন এবং ছাত্র-ছাত্রী ক্যাটাগরিতে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ৩৬৭৫ জন, ৯ম থেকে ১০ম শ্রেণির ২৬২৫ জন, একাদশ ও দ্বাদশ শ্রেণির ১৮৬৬ জন এবং স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ে ১৬৮০ জন মোট ৯৮৪৬ জন শিক্ষার্থীর চূড়ান্ত তালিকা গত ৩০.০৬.২০২৪ তারিখ এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস নগদ লিমিটেড হতে ১৬ জুলাই ২০২৪ তারিখে প্রেরিত তথ্যানুযায়ী এ বিভাগ কর্তৃক মনোনীত মোট ২৪০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের রাউটিং নম্বর ও ব্যাংক হিসাব নম্বরসহ বিভিন্ন তথ্যগত ভুল থাকার কারণে তাদের আবেদনপত্রে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে অনুদানের অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি। এছাড়া শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রী ক্যাটাগরিতে ১০২৪৬ জন উপকারভোগীর মধ্যে ১২৮ জনের KYC information আপডেট না থাকার কারণে তাদের আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি।

এমতাবস্থায়,

- ক) সূত্রোক্ত তালিকাভুক্ত যে সকল উপকারভোগী (শিক্ষক/কর্মচারী ও ছাত্র-ছাত্রী ক্যাটাগরিতে) তাদের আবেদনপত্রে প্রদত্ত নগদ নম্বরে আর্থিক অনুদানের টাকা প্রাপ্ত হননি তাদের (নগদ) মোবাইল নম্বর এর KYC information আগামী ০৭ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে আপডেট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- খ) সূত্রোক্ত তালিকাভুক্ত যে সকল উপকারভোগী তাদের আবেদনপত্রে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে আর্থিক অনুদানের টাকা প্রাপ্ত হননি উক্ত প্রতিষ্ঠানসমূহের ব্যাংক হিসাবের শিরোনাম, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর ও ব্যাংক হিসাব নম্বর ও ব্যাংক হিসাবে লেনদেন এর সঠিক তথ্য প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরে এবং ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডির সভাপতির প্রতিস্বাক্ষরে আগামী ০৭ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে ই-মেইলযোগে (moebudgetsection@gmail.com) এ বিভাগের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(লিউজা-উল-জান্নাহ)  
উপসচিব  
ফোন: ৯৫১২২০৫

ইমেইল: moebudgetsection@gmail.com


প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২৩.৫৪৯

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১  
২৮ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জেলা প্রশাসক, .....
০২. মাধ্যমিক শিক্ষা অফিসার, ..... (সংশ্লিষ্ট উপজেলার শিক্ষা অফিসারকে তালিকায় অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের চাহিত তথ্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে এ বিভাগের প্রেরণের তত্ত্বাবধানের অনুরোধসহ)।
০৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
০৫. অফিস কপি/ সংরক্ষণ কপি।

  
(লিউজা-উল-জান্নাহ)  
উপসচিব